নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd


নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩১৩ ০৩ নভেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে ডিএলএইচসি'র পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) স্বেচ্ছাসেবী সংগঠন ড্রিম লাইট অব হেল্প সেন্টার (ডিএলএইচসি) এর উদ্যোগে 'ডিএলএইচসি স্কুল বেজড কুইজ প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণী ও সংগঠনের ৭ বছর পূর্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (০৩ নভেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানের শুরুতেই জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয় এবং ডিএলএইচসি এর কার্যক্রম সম্পর্কিত একটি ডকুমেন্টারি প্রদর্শিত হয়।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ক্রীড়া, শিক্ষা, স্বাস্থ্য এবং সেবা নিয়ে ডিএলএইচসি এর সাত বছরের দীর্ঘ পথচলার জন্য অভিনন্দন। প্রতিষ্ঠানটি শিক্ষা, খেলাধুলাসহ বিভিন্ন সামাজিক কার্যক্রমে অবদান রেখে চলেছে এবং সমাজের বিভিন্ন শ্রেণির মানুষের কাছে গ্রহণযোগ্যতা পেয়েছে। তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের নিয়ে সেন্টারটি কাজ করে যাচ্ছে। আমি বিশ্বাস করি প্রতিষ্ঠানটি নোয়াখালীসহ অন্যান্য জেলায় যে কার্যক্রম শুরু করেছে তা দেশব্যাপী ছড়িয়ে পড়বে। এ সেন্টারের কার্যক্রমগুলো বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে তুলে ধরলে এবং সমন্বিতভাবে কাজ করতে পারলে একই ছাতার নীচে বহুমুখী কাজের সমন্বয় ঘটবে।

অভিভাবকদের উদ্দেশ্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, আমাদের শিক্ষার্থীরা হলো আগামী দিনের ভবিষ্যত। শিক্ষার্থীরা যে সাহস দেখিয়ে জুলাই বিপ্লব ঘটিয়েছে, অন্যায় এবং বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদ করেছে তা অতুলনীয়। আপনারা পরবর্তী প্রজন্মকে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করার সাহস যোগাবেন। অন্যায়কে অন্যায় এবং ন্যায়কে ন্যায় বলা শেখাবেন।

ড্রিম লাইট অব হেল্প সেন্টার এর প্রতিষ্ঠাতা পরিচালক মো. হোসাইনুল বাশার সিয়ামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির প্রধান উপদেষ্টা এ বি এম আব্দুল আলীম। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তার বক্তব্যে তিনি বর্তমান সময়ে নোবিপ্রবির উত্তরোত্তর সাফল্যের প্রশংসা করেন এবং শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে বুয়েট এবং মেডিকেলের পরই পছন্দের তালিকায় তৃতীয় অবস্থানে নোবিপ্রবিকে রাখার আহ্বান জানান।

অনুষ্ঠানে নোয়াখালী জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, অভিভাবক এবং সংগঠনের সদস্যবৃন্দ ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। পরে কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার এবং আগত অতিথিদের মাঝে সম্মাননা স্মারক প্রদান করা হয়।


ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪